



কুমিল্লা বিশ্ববিদ্যালয়

কুমিল্লা-৩৫০৬

ফোন: ০২৩৩৪৪১১১৪৫, মোবাইল: ০১৭৯০-৯৭৭৪৯৭, ফ্যাক্স: ০৮১-৭০০৩৫, ই-মেইল: registrar@cou.ac.bd, website: www.cou.ac.bd

স্মারক কু:বি:/তথ্য ও জন./প্রে.বি/২০০৯/৫২৩

তারিখ: ১৬/০১/২০২৫ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

কুমিল্লা বিশ্ববিদ্যালয় স্নাতক (সম্মান) প্রথম বর্ষ (২০২৪-২৫ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষা ১৯ এপ্রিল ও ৩ মে

নিজস্ব ব্যবস্থাপনায় স্নাতক (সম্মান) প্রথম বর্ষ (২০২৪-২৫ শিক্ষাবর্ষ) ভর্তি পরীক্ষা নিবে কুমিল্লা বিশ্ববিদ্যালয়। আগামী ১৯ এপ্রিল ২০২৫ তারিখ 'সি' ইউনিট সকাল ১০.০০ ঘটিকায়, ৩ মে ২০২৫ তারিখ 'এ' ইউনিট সকাল ১০.০০ ঘটিকায় এবং 'বি' ইউনিট বিকাল ৩.০০ ঘটিকায় ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে। মাননীয় উপাচার্য প্রফেসর ড. মোঃ হায়দার আলী'র সভাপতিত্বে আজ বৃহস্পতিবার ১৬/০১/২০২৫ খ্রি: তারিখ সকাল ১০.০০ ঘটিকায় উপাচার্য মহোদয়ের কার্যালয়ে অনুষ্ঠিত কেন্দ্রীয় ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। ২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ থেকে ২২ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত দিনরাত যে কোন সময় এমন কি বন্ধের দিনও শিক্ষার্থীরা আবেদন করতে পারবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি বিভিন্ন গণমাধ্যম ও কুবি ওয়েবসাইটে বিজ্ঞপ্তি প্রকাশের মাধ্যমে জানানো হবে।

(মোহাম্মদ এমদাদুল হক)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

কুমিল্লা বিশ্ববিদ্যালয়